২০৪

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... OCT 18 1999 ...
পৃষ্ঠা ১২ কলাম ৩

# বর্ধিত ফী প্রত্যাহার দাবিতে বগুড়ায় ছাত্র বিক্ষোভ সড়ক অবরোধ

বগুড়া ১৭ অক্টোবর (নিজস্ব সংবাদদাতা) ॥ বর্ধিত ফী প্রত্যাহারের দাবিতে রবিবার দুপুরে বগুড়া সরকারী আযিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্ররা বিক্ষোভ-সমাবেশ ও শহরের কেন্দ্রস্থল সাতমাথা অবরোধ করে।

জানা যায়, অনার্স ৩য় পার্ট পরীক্ষার বর্ধিত ফী-এর প্রতিবাদে সকালে সাধারণ ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে বিক্ষোভ ও সমাবেশ করে। পরে ছাত্ররা মানববন্ধের মাধ্যমে সাতমাথার সাতটি সড়কের মুখ অবরোধ করে। প্রায় আধা ঘণ্টা অবরোধের পর ছাত্ররা জেলা প্রশাসক বরাবর তাদের অভিযোগ পেশ করে। উল্লেখ্য, বিভিন্ন বিভাগে বর্ধিত ফী আরোপ ও কলেজে বিভিন্ন অনিয়মের প্রতিবাদে ছাত্র সংগঠনগুলো গত ৫ দিন ধরে কলেজে ধর্মঘট চালিয়ে যাচ্ছে।